

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

বিষয়: বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাধ্যমে বর্তমান সরকারের বিগত প্রায় দশ বছরের উচ্চশিক্ষায় উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি ও সাফল্য

অধিদপ্তর/দপ্তর/সংস্থার নাম : বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

উন্নয়ন কার্যক্রমের বিবরণ:

- ২২ টি নতুন সরকারি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা, ২৭ থেকে ৪৯-এ উন্নীত (ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এবং ডিজিটাল বিশ্ববিদ্যালয় নামে দুইটি বিশেষায়িত সরকারি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়)
- 'বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন-২০১০' প্রণয়ন ও বাস্তবায়ন
- ৫২ টি নতুন বেসরকারি বিশ্ববিদ্যালয় অনুমোদন, ৫১ থেকে ১০৩-এ উন্নীত
- কওমি মাদরাসাসমূহের দাওরায়ে হাদিসের সনদকে মাস্টার্স (ইসলামিক স্টাডিজ এবং আরবি) ডিগ্রির সমমান প্রদান আইন-২০১৮ প্রণয়ন
- উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী সংখ্যা ১৭ লক্ষ থেকে ৩৮ লক্ষে উন্নীত
- উচ্চশিক্ষার গুণগতমান নিশ্চিতকরণ এবং আন্তর্জাতিকীকরণের লক্ষ্যে Accreditation Council আইন পাস
- ৪৩টি সরকারি বিশ্ববিদ্যালয়ে ২৫৩টি প্রশাসনিক ও একাডেমিক ভবন, ৭৩টি আবাসিক ভবন এবং ১০১টি ছাত্রছাত্রী হল নির্মাণ করা হয়েছে।
- ১০১টি ছাত্রছাত্রী হলে প্রায় ১৫,০০০ শিক্ষার্থীর আবাসনের সুযোগ সৃষ্টি হয়েছে
- উচ্চশিক্ষা খাতে অনুন্নয়ন বাজেট বরাদ্দ ৯০৮ কোটি থেকে ৪৮৫৩ কোটিতে উন্নীত
- সরকারি বিশ্ববিদ্যালয়সমূহে মোট ৯৭৫৫.৫২ কোটি টাকায় ৮১টি প্রকল্পে বাস্তবায়ন করা হয়েছে
- উচ্চশিক্ষা খাতে উন্নয়ন বাজেট বরাদ্দ ২১৬০ কোটি থেকে ১১০৪৩ কোটিতে উন্নীত
- গবেষণা খাতে বরাদ্দ ৬ কোটি থেকে ৬২ কোটিতে উন্নীত
- ৩৩২.১৪ কোটি টাকা ব্যয়ে উচ্চগতিসম্পন্ন ইন্টারনেটের (BdREN) মাধ্যমে বিশ্ব জ্ঞানভান্ডারের সাথে সংযোগ স্থাপন
- একাডেমিক ইনোভেশন ফান্ডে প্রথম পর্যায়ে ৯১টি উপপ্রকল্পে ১৮৩ কোটি টাকা, দ্বিতীয় পর্যায়ে ১০৬টি উপপ্রকল্পে ১৮৯ কোটি টাকা, তৃতীয় পর্যায়ে ১৩৫ টি উপপ্রকল্পে ২৪০ কোটি টাকা বরাদ্দ
- উচ্চশিক্ষার গুণগতমান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যে দেশের সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে Institutional/Internal Quality Assurance Cell (IQAC) এবং Self Assessment কার্যক্রম চালু করা হয়েছে এবং এর জন্য মোট বরাদ্দ ৩১৬.৬৪ কোটি টাকা
- শিক্ষা ও গবেষণার মানোন্নয়নে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহে ডিজিটাল পুস্তক ও জার্নাল সহজলভ্যকরণ
- বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের চাকুরীর বয়স ৬৫ বছরে উন্নীত করা হয়েছে
- হায়ার এডুকেশন ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (HEMIS) চালু করা হয়েছে
- স্বল্প খরচে নন লিনিয়ার অপটিম-এর মাধ্যমে ক্যাম্পার রোগ নির্ণয় পদ্ধতি এবং গবাদি প্রাণীর ক্ষুরা রোগ প্রতিরোধের জন্য বাংলাদেশে সঞ্চরণশীল ভাইরাস দ্বারা একটি কার্যকরী টিকা উদ্ভাবনসহ মোট ৪টি প্যাটেন্ট-এর জন্য আবেদন
- শিক্ষা ও গবেষণার মানোন্নয়নে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহে ডিজিটাল পুস্তক ও জার্নাল সহজলভ্যকরণ
- ভারুয়াল প্রযুক্তির মাধ্যমে দেশ-বিদেশের প্রখ্যাত শিক্ষাবিদ ও গবেষকগণের সাথে যোগাযোগ স্থাপন
- বিশ্ববিদ্যালয়ের মেধাবী ৮৫৬ জন শিক্ষার্থীকে প্রধানমন্ত্রীর স্বর্ণপদক প্রদান
- ১৮৫ জন গবেষক/শিক্ষক-কে ইউজিসি স্বর্ণপদক প্রদান
- মোট ৫০১জন মেধাবী শিক্ষক/ শিক্ষার্থীকে কমনওয়েলথ স্কলারশিপ প্রদান করা হয়েছে

J. Rahman  
৪/৩২/২০২৫